**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ৩য় আদালত-এর কার্যালয়, দিনাজপুর।

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্মারক নং-৪২৬

তারিখঃ ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

দিনাজপুর জেলা ও দায়রা জজ আদালতের অধীন বিভিন্ন আদালত ও দপ্তরে নিম্নলিখিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে প্রতিটি পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ০৩-০৮ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহে **শুধুমাত্র দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দা** নাগরিকগণ আবেদন করতে পারবেন।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১৩ টি | গ্রেড ১৪<br>১০২০০-২৪৬৮০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ১০০ এবং বাংলায় ৮০ শব্দ গতি সম্পন্ন;<br>গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩৫ শব্দ এবং বাংলায় ৩০ শব্দ গতি সম্পন্ন; এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১২ টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন; এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০৩ | ড্রাইভার | ০১ টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) অষ্টম শ্রেণী পাস; এবং<br>খ) মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, তবে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবেন। |
| ০৪ | জারীকারক | ০৯ টি | গ্রেড ১৯<br>৮৫০০-২০৫৭০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | অফিস সহায়ক | ২৪ টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | নৈশ প্রহরী | ০২ টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাস। |
| ০৭ | মালী | ০১ টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাস। |
| ০৮ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাস। |

**শর্তাবলিঃ**

১। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৩য় আদালত, দিনাজপুর বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা ও মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) নিজ জেলা (চ) জন্ম তারিখ (ছ) ১৬/১০/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঝ) ইমেইল (যদি থাকে) স্পষ্টাক্ষরে উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
২। আবেদনপত্র আগামী ১৬/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন রেজিস্ট্রি ডাকযোগে অথবা সরাসরি সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৩য় আদালত, দিনাজপুর বরাবর প্রেরণ করতে হবে। খামের উপর আবশ্যিকভাবে পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ১৬/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।
৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের, সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনুলিপি ও সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ।
খ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/- (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
গ. পরীক্ষার ফি বাবদ ১ ও ২নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৩-৭নং পদের জন্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ/সোনালী ব্যাংক লিমিটেড-এ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।
৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
৮। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করা এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে।
১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ভিজিট করুন - https://dinajpur.judiciary.gov.bd/bn/notice-mo

স্বাক্ষরিত

সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৩য় আদালত, দিনাজপুর।